চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

(প্রেস বিজ্ঞপ্তি-১)

করোনার ২য় ঢেউ মোকাবেলায় মেয়র

স্বাস্থ্যবিধি ও শিষ্টাচার
না মানলে বড় বিপদ আসন্ন

চট্টগ্রাম-১৮ মার্চ ২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী করোনা সংক্রমণের দ্বিতীয় ঢেউ মোকাবেলায় সরকার ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার নিদের্শিত স্বাস্থ্যবিধি ও শিষ্টাচার যথাযথভাবে মেনে চলার জন্য নগরবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন।

মেয়র এক বিবৃতিতে বলেন, করোনা সংক্রমণের দ্বিতীয় ঢেউয়ের ছোবলে সংক্রমণ ও মৃত্যুর হার উদ্বেগজনক পর্যায়ে উপনীত হয়েছে। সরকারের কার্যকর পদক্ষেপে প্রথম পর্যায়ে করোনা সংক্রমণের প্রাদুর্ভাব সামাল দেয়া সম্ভব হলেও করোনা সংক্রমণ মুক্ত বিশ্ব পরিস্থিতি শতভাগ নিশ্চিত হয়নি। তাই ভ্যাকসিন বা টিকা আবিস্কৃত ও মানবদেহে এর প্রয়োগ শুরু হওয়ার পরও কাউকে একেবারে নিরাপদ ভাবার কোন অবকাশ নেই। এ কারণে আমাদেরকে স্বাস্থ্যবিধি ও শিষ্টাচার মেনে চলতে হবে। এ ক্ষেত্রে বিন্দুমাত্র অবহেলা করা হলে নিজের ও অপরের জন্য ক্ষতিকর প্রভাব ফেলবে। আমাদেরকে ঘরের বাইরে চলা- ফেরার সময় মাস্ক ব্যবহার করতে হবে, বার-বার হাত ধূতে হবে, স্যানিটাইজার দিয়ে হাত জীবানু মুক্ত করতে হবে, জনসমাগম এড়িয়ে চলতে হবে, সামাজিক দূরত্ব বজায় রেখে এবং সর্বোপরি বিয়ে-শাদিসহ সকল সামাজিক অনুষ্ঠানে সীমিত অংশগ্রহণ ও স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনানুসারে স্বাস্থ্যবিধি মানতে হবে।

তিনি আরো বলেন, অপ্রয়োজনীয় চলাফেরা, জনসমাগম পরিহার এবং উপলক্ষমূলক অনুষ্ঠানাদি সীমিত পরিসরে আয়োজন না করা হলে এবং অতীব প্রয়োজন ব্যতীত সাধারণ কর্মসূচি বন্ধ না রাখা হলে করোনা সংক্রমণের ঝুঁকি বাড়বে । তিনি নগরবাসীকে যথাযথ নিয়ম অনুসরণ করে মাস্ক পরিধান ও পারস্পরিক শারীরিক দূরত্ব বজায় রাখা সহ পরিস্কার-পরিচ্ছন্নতার বিষয়ে আরো সজাগ ও দায়িত্বশীল হওয়ার আহবান জানান। তিনি হুশিয়ারি উচ্চারণ করেন যে, স্বাস্থ্যবিধি ও শিষ্টাচার না মানলে বড় বিপদ আসন্ন।

(প্রেস বিজ্ঞপ্তি-২)

(শোক প্রকাশ)

চসিক মেয়রের শোক

পরিচ্ছন্ন জনপ্রতিনিধি মিন্টু
অনুকরনীয় দৃষ্টান্ত

চট্টগ্রাম-১৮ মার্চ'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ১৬নং চকবাজার ওয়ার্ডের বার বার নির্বাচিত কাউন্সিলর, বাক-প্রতিবন্ধি অধিকার বঞ্চিতদের আপনজন, সজ্জন ব্যক্তি সাইয়েদ গোলাম হায়দার মিন্টুর মৃত্যুতে সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী গভীর শোক প্রকাশ করেছেন। তিনি এক শোক বিবৃতিতে বলেন, একজন পরিচ্ছন্ন ও ত্যাগী পরার্থপর জনপ্রতিনিধি হিসেবে প্রয়াত সাইয়েদ গোলাম হায়দার মিন্টু সমাজে যে ভাবমূর্তি তৈরী করে গেছেন তা অমলিন থাকবে। বর্তমানে যারা বিভিন্নস্তরে জনপ্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করছেন বা করবেন তাদের জন্য তিনি অনুকরণীয় দৃষ্টান্ত হিসেবে সমুজ্জল হয়ে থাকবেন। তিনি মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য যে, সাইয়েদ গোলাম হায়দার মিন্টু গতকাল বুধবার দিবাগত রাতে ঢাকাস্থ ইনফলাস হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নাল্লিাহি . . . . রাজেউন), মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিলো ৭২ বছর। তনি স্ত্রী, এক পুত্র বহু আত্মীয়-স্বজন ও অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন।

(প্রেস বিজ্ঞপ্তি-৩)

বঙ্গবন্ধুর জন্মবার্ষিকীতে বৃক্ষরোপন কর্মসূচী পালনে মেয়র

নগরীর প্রত্যেক ওয়ার্ডে বৃক্ষরোপন করা হবে

চট্টগ্রাম-১৮ মার্চ'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, নগরীর প্রত্যেক ওয়ার্ডে বৃক্ষরোপন ও ছাদ বাগান পরিকল্পিতভাবে করা হবে। আমার দেশের মাটি ও মানুষ, সংস্কৃতি, গাছপালা, পশু পাখিদের জানি-তাই যে কোন উন্নয়ন প্রকল্প গ্রহণ করলে সেখানে বৃক্ষরোপন বিষয়টি গুরুত্ব দেয়া হবে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে নগরীর পলোগ্রাউন্ড এলাকায় আজ বৃহস্পতিবার ১০০টি বৃক্ষরোপন কর্মসূচী পালন করতে গিয়ে এসব কথা বলেন। মেয়র আরো বলেন, বৃক্ষরাজি ও সবুজ অরণ্য ও প্রাণি জগতকে বেঁচে থাকার অক্সিজেন যোগায় এবং নির্গত কার্বন-ডাই-অক্সাইড চুষে নিয়ে প্রকৃতিগত ভারসাম্য আনে। যারা নগরীতে বসবাস করেন তাদের এই বিষয়টি অনুধাবন করতে হবে। তাই গৃহবাসী নাগরিকদের তাদের আঙ্গিনায় বা ছাদে ফুল-ফলের বাগান সাজাতে হবে। তাতে জীবন-প্রাণি-প্রকৃতি শোভিত ও বিকশিত হবে। যারা নিজের আঙ্গিনাকে সবুজায়ন ও ছাদে বাগান করবেন সিটি কর্পোরেশন তাদের সহায়তা করবে। এসময় উপস্থিত ছিলেন কাউন্সিলর ছালেহ আহমদ চৌধুরী, প্রধান নির্বাহী কর্মকর্তা কাজী মুহাম্মদ মোজাম্মেল হক, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, চসিক উপ-সচিব আশেক রসুল চৌধুরী টিপু, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শফিকুল মান্নান সিদ্দিকী, অতিরিক্ত প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোর্শেদুল আলম চৌধুরী, প্রকৌশলী মির্জা ফজলুল কাদের, নগর পরিকল্পনাবিদ আব্দুল্লাহ আল ওমর, বস্তি উন্নয়ন কর্মকর্তা মাঈনুল হোসেন আলী চৌধুরী, পরিচ্ছন্ন কর্মকর্তা প্রণব শর্মা, মো. নুরউদ্দিন প্রমুখ।

(প্রেস বিজ্ঞপ্তি-৪)

চসিকের মোবাইল কোর্ট

চট্টগ্রাম-১৮ মার্চ'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে পরিচালিত অভিযানে নগরীর চান্দগাঁও থানাধীন বহদ্দারহাট পুলিশ বক্স সংলগ্ন ফুটপাতে অবৈধভাবে দোকান বসিয়ে জনদূর্ভোগ সৃষ্টি করায় উক্ত দোকান অপসারণ করে ফুটপাত অবৈধ দখল মুক্ত করা হয়। একই অভিযানে এশিয়ান হাইওয়ে এর শুলকবহর এলাকায় নালা ও ফুটপাত দখল করে ব্যবসা প্রতিষ্ঠানের মালামাল রেখে সর্বসাধারনের চলাচলে বিঘ্ন সৃষ্টির দায়ে ৪ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। আজ বৃহস্পতিবার চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌস ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী'র নেতৃত্বে এই মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

(প্রেস বিজ্ঞপ্তি-১)

প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতিতে মুজিববর্ষে রাজপথের

আন্দোলনে শহীদ পরিবারের ২ সদস্যকে চসিকের নিয়োগপত্র প্রদান

চট্টগ্রাম-১৮ মার্চ'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, আমাদের রাষ্ট্রনায়ক বঙ্গবন্ধু তনয়া প্রধানমন্ত্রী শেখ হাসিনা সবচেয়ে বেশী মানবিক কর্তব্যবোধ পালন করে যাচ্ছে। তারই ধারাবাহিকতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে সকল পরিবার লড়াই-সংগ্রামে অবদান রেখেছেন এবং আত্মত্যাগ করেছেন তাদেরকে পুনর্বাসন ও কর্মসংস্থানের জন্য পর্যায়ক্রমে পদক্ষেপ নিয়ে যাচ্ছেন। তিনি এই মুজিববর্ষে গৃহহীনদের আবাসন সংস্থানসহ কর্মসংস্থানের উদ্যোগ নিয়েছেন এর পাশাপাশি মিয়ানমার থেকে বিতাড়িত ১২ লক্ষ মানুষকে আশ্রয় দিয়েছেন। এমনকি করোনাকালে যখন বিশ্বব্যাপি অর্থনীতির চাকা স্থবির তখনও তিনি প্রান্তিক জনগোষ্ঠীকে মানবিক সহায়তা প্রদান করে যাচ্ছেন। এর থেকে অনুপ্রাণিত হয়ে ১৯৭২ সালে বঙ্গবন্ধু যখন স্বদেশ প্রত্যাবর্তন করেন সেই দিবসটিকে কেন্দ্র করে ১৯৮৯ সালে কর্মসূচী চলাকালে ছাত্রলীগের মিছিলে কে বা কারা বোমাবর্ষন করলে সাড়ে ১১ বছর বয়সি উত্তম বিশ্বাস নামে এক স্কুল বালক নিহত হয়। এই বিয়োগান্তক ঘটনাটি তৎকালীন বিরোধীদলীয় নেত্রী আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার গোচরীভুত হলে ঐ বছরের ২৫ জানুয়ারী তিনি চট্টগ্রাম সফরে এলে ঐ পরিবারের পাশে দাড়ান এবং প্রতিশ্রুতি দিয়েছিলেন নিহত বালকের পিতা অমলকান্তি বিশ্বাসের কোন সন্তান যদি চাকরি উপযুক্ত হয় তার কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে। এই প্রতিশ্রুতির আলোকে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী সামনে রেখে অমল কান্তি বিশ্বাসের দুই সন্তান সুলেখা বিশ্বাস ও মনোজ বিশ্বাসকে সিটি কর্পোরেশনে স্বাস্থ্য সহকারি ও কম্পিউটার অপারেটর পদে নিয়োগপত্র প্রদান করা হয়। এই দুই জনের হাতে আজ বিকেলে চসিক মেয়র দপ্তরে আনুষ্ঠানিকভাবে নিয়োগপত্র তুলে দেন মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। এসময় উপস্থিত ছিলেন পাথরঘাটা ওয়ার্ডের কাউন্সিলর পুলক খাস্তগীর, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা কাজী মুহাম্মদ মোজাম্মেল হক, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, ও অন্যান্য কর্মকর্তারা।

(প্রেস বিজ্ঞপ্তি-২)

নগরীর আদিবাসীদের উপর অযৌক্তিক কর চাপানো হবে না: চসিক মেয়র

চট্টগ্রাম-১৮ মার্চ'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো রেজাউল করিম চৌধুরী বলেছেন, চট্টগ্রাম নগরীতে যারা আদীবাসী তাদের উপর হোল্ডিং ট্যাক্স সহ কোন ধরনের অযৌক্তিক কর আরোপ করা হবে না। তবে কর পরিশোধের ক্ষেত্রে সকলের সাথে আলাপ

আলোচনার ভিত্তিতে সহমত পোষন করে আবশ্যিক সিদ্ধান্ত গ্রহণ করা হবে। তিনি আজ বৃহস্পবিার বিকেলে চৈতন্যগলিস্থ নগর মহল্লা সমিতির কার্যালয়ে চট্টগ্রাম নগর মহল্লা সর্দ্দার কমিটির সাথে তাকে দেয়া সংবর্ধনা সভা ও মতবিনিময় সভায় এ অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন নগরীরর উন্নয়নের ক্ষেত্রে আদীবাসী বাসিন্দারা সবসময় সহায়সক ভূমিকা পালন করেছিলেন। আমি আশাকরি এখনও তা অব্যাহত রাখব। চট্টগ্রাম নগরীরর বিদ্যমান সমস্যা নিরসনে সর্দ্দার কমিটির ইতিবাচক ভূমিকা প্রত্যাশা করে তিনি বলেন সর্দ্দার কমিটি আজকের মতবিনিময় সভায় যে সমস্যগুলোর কথা উল্লেখ করেছেন্ তা বাস্তবায়নে আমি আন্তরিক প্রচেষ্টা চালাব। তিনি চট্টগ্রাম নগরীর উন্নয়নে শুধুমাত্র চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উপর নির্ভরশীল না হয়ে সকল নগরবাসীকে পরিস্কার পরিচছন্ন নন্দিত ও বাসযোগ্য নগর গড়ে তুলতে এগিয়ে আসার আহ্বান জানান। নগর মহল্লা সর্দ্দার কমিটির সভাপতি আলহাজ্ব মোহাম্মদ ইউসুফ সর্দ্দারের সভাপতিত্বে বক্তব্য রাখেন কাউন্সিলর আব্দুস সালমা মাসুম, পুলক খাস্তগীর, কাউন্সিলর মোহাম্মদ আতাউল্লাহ চৌধুরী,সাবেক কাউন্সিলর আলহাজ্ব মোহাম্মদ আবু বক্কর চৌধুরী, সর্দ্দার কমিটির সহ-সভাপতি আলহাজ্ব শওকত হোসেন কমরু, আলহাজ্ব সুফি, জাহেদ হোসেন, আলহাজ্ব মোহাম্মদ আলি বকস, আলহাজ্ব মোহাম্মদ শাহাবুদ্দিন, সাধারন সম্পাদক আলহাজ্ব মকসুদ আহামদ সর্দ্দার, যুগ্ম আলহাজ্ব মোহাম্মদ আবুল কালাম, আলহাজ্ব মোহাম্মদ নুরুল হক, আলহাজ্ব মোহাম্মদ তারেক সর্দ্দার, সহ সম্পাদক আলহাজ্ব মোহাম্মদ সালাউদ্দিন, শিক্ষা ও সংস্কৃতি সম্পাদক আলহাজ্ব মোহাম্মদ জাহেদ হোসেন সর্দ্দার, ত্রান সম্পাদক হাজী নাছির আহমদ প্রমুখ।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতি. দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩